

শুকনো কমলালেবু গাছের গান
ফেদরিকো গাসিয়ঁ লোরকা
অনুবাদ : কল্যাণ রায়

কাঠুরিয়া
কাটো আমার ছায়াটাকে।
মুক্তি দাও আমায়
নিজেকে নিশ্চল দেখার যন্ত্রণা থেকে।

কেন এসেছিলাম পৃথিবীতে
আয়না পরিবৃত হয়ে ?
আমার বৃত্তে ঘোরে দিন
আর প্রতিটি তারায়
আমার প্রতিরূপ গড়ে তোলে রাত।

আমি বাঁচতে চাই নিজেকে না দেখে।
আর স্বপ্ন দেখি যেন পিপঁড়ে আর বাজ আমার
পাতা আর পাখী।

কাঠুরিয়া
কাটো আমার ছায়াটাকে
মুক্তি দাও আমায়
নিজেকে নিশ্চল দেখার যন্ত্রণা থেকে।

